

# শিক্ষা প্রতিষ্ঠানে হবে অভ্যুত্থানের গ্রাফিতি প্রতিযোগিতা

নিম্নর প্রতিবেদক

১৪ জুলাই ২০২৫, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক **আমাদেরসময়**



জুলাই গণ-অভ্যুত্থানের এক বছর পূর্তি উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠানে '২৪-এর রঙে গ্রাফিতি ও চিত্রাংকন প্রতিযোগিতা' বাস্তবায়ন ও মূল্যায়নে কমিটি গঠন করা হয়েছে। মহানগর, জেলা, উপজেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতিটি কমিটি হবে ৭ সদস্যের। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

গতকাল রবিবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) এক চিঠিতে এ তথ্য জানানো হয়। প্রতিষ্ঠানপ্রধান ও সংশ্লিষ্টদের কাছে এ চিঠি পাঠানো হয়েছে।

চিঠিতে বলা হয়েছে, উপজেলা ও মহানগর পর্যায়ের কমিটি আগামী ১৫ থেকে ১৭ জুলাইয়ের মধ্যে প্রতিযোগিতা শেষ করবে। বিজয়ী তিনটি প্রতিষ্ঠানের নাম জেলা কমিটির কাছে পাঠাবে। জেলা কমিটি ১৯ থেকে ২০ জুলাইয়ের মধ্যে প্রতিযোগিতা শেষ করে বিজয়ী

তিনটি প্রতিষ্ঠানের নাম বিভাগীয় কমিটির কাছে পাঠাবে। বিভাগীয় পর্যায়ের কমিটি ২২ থেকে ২৩ জুলাইয়ের মধ্যে প্রতিযোগিতা শেষ করে বিজয়ী তিন প্রতিষ্ঠানের নাম কেন্দ্রীয় কমিটির কাছে পাঠাবে।

বিজয়ীদের গ্রাফিতি চিত্রাংকন প্রতিযোগিতার মানসম্পন্ন ভিডিও লঁযুভড়বাবৎ.মড়া.নফ ওয়েবসাইটে আপলোড করা হবে।